



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ

এবং

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা

এর মধ্যে স্বাক্ষরিত

**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি**

১ জুলাই, ২০২২ - ৩০ জুন, ২০২৩

## সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা নং
কর্মসম্পাদনের সার্বিক চিত্র	
প্রস্তাবনা	
সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি	
সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব	
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	
সংযোজনী ১: শব্দসংক্ষেপ	
সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক	
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	
সংযোজনী ৪: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	
সংযোজনী ৫: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	
সংযোজনী ৬: অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	
সংযোজনী ৭: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	
সংযোজনী ৮: তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	

## কর্মসম্পাদনের সার্বিক চিত্র

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

#### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই) নিরাপদ পানি সরবরাহের মাধ্যমে জনস্বাস্থ্যের উন্নয়ন ও স্যানিটেশন সেবা প্রদান করে আসছে। বর্তমানে পল্লী এলাকায় প্রতি ৪৪ জনের জন্য একটি সরকারী নিরাপদ খাবার পানির উৎস রয়েছে। বর্তমানে পানি সরবরাহ কভারেজ ৭০% এবং উন্নত স্যানিটেশন কভারেজ ৮৪%। বিগত ৩(তিন) অর্থবছরে গ্রাম, পৌর ও বস্তি এলাকায় ৩০২৫৩৯টি বিভিন্ন প্রযুক্তির পানির উৎস, সরকারী প্রাথমিক বিদ্যালয় সমূহে প্রায় ৭০০০টি পানির উৎস এবং ৫০০০টি ওয়াশরুম স্থাপন, ৩০ টি কমিউনিটি টয়লেট, ১৫ টি পাবলিক টয়লেট, ১৫০০ টি স্বল্প ব্যয়ে ল্যাট্রিন স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। ১৫ টি উৎপাদক নলকূপ স্থাপন করা হয়েছে। কেন্দ্রীয় পানি পরীক্ষাগার নির্মাণ করা হয়েছে। ১৩টি আঞ্চলিক পরীক্ষাগারে প্রায় ২০৭৫৭২টি পানির উৎসের পানির গুণগতমান পরীক্ষা করা হয়েছে। ডেন্জেজ ব্যবস্থা স্থাপন ও পাইপ লাইনের মাধ্যমে পানিসরবরাহের ব্যবস্থা করা হয়েছে।

#### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

চট্টগ্রাম জেলার বেশ কয়েকটি উপজেলা কর্ণফুলী নদী ও বঙ্গোপসাগর বিধৌত এলাকা। উপকূলীয় এলাকাগুলি মিঠা পানির অভাবের পাশাপাশি লোনা পানি বিদ্যমান। এখানকার কিছু কিছু এলাকা দুর্গম পাহাড় বেষ্টিত। এখানকার অনেক এলাকাতেই বর্তমানে ভূ-গর্ভস্থ পানির স্তর অনেক নিচে নেমে গেছে। পানিতে মাত্রাতিরিক্ত আয়রন ও স্যালাইনের উপস্থিতি ভূ-গর্ভস্থ পানিকে ব্যবহারের অযোগ্য করে তুলেছে। দুর্গম পাহাড়ী এলাকায় পর্যাপ্ত স্যানিটেশন ব্যবস্থা নির্মাণ অনেকটাই চ্যালেঞ্জের বিষয়।

#### ভবিষ্যৎ পরিকল্পনা

ভূ-উপরিস্থিত পানি ব্যবহারে জনগনকে সচেতন করতে পারলে ভূ-গর্ভস্থ পানির উপরচাপ অনেক কমে যাবে বলে আশা করি। ছোট আকারে গ্রাম ভিত্তিক পাইপ লাইন স্থাপনে পানি সরবরাহ করা যাবে। গ্রামের অস্বাস্থ্যকর ল্যাট্রিন প্রতিস্থাপন করে অধিক সংখ্যক স্বাস্থ্য সম্মত ল্যাগ স্থাপন করতে হবে। ভূ-গর্ভস্থ পানি ব্যবহারের জন্য প্রয়োজন অনুযায়ী এ আই আর পি স্থাপন করতে হবে। জনগনকে ভূ-উপরিস্থিত পানি ও বৃষ্টির পানি ব্যবহারে সচেতন করতে হবে। পরিকল্পনা অনুযায়ী কাজ করলে সারা জেলায় উন্নত মানের ল্যাট্রিনের ও নিরাপদ সুপেয় পানি সরবরাহের কভারেজ শতভাগে উন্নিতকরা সম্ভব হবে বলে আশা করা যায়।

#### ২০২২-২০২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- পল্লী ও পৌর এলাকায় বিভিন্ন ধরনের পানির উৎস স্থাপন - ৩০০০টি
- পৌর এলাকায় উৎপাদক নলকূপ স্থাপন - ১০টি
- পাইপ লাইন স্থাপন – ৫কিঃমিঃ;
- ডেন নির্মাণ - ৬ কিঃমিঃ
- পাবলিক স্যানিটেশন ও হাইজিন সুবিধা নির্মাণ -২০টি;
- কমিউনিটি বেসড পাইপ ওয়াটার সাপ্লাই স্কীম স্থাপন - ৫০টি;
- কমিউনিটি ক্লিনিকসমূহে কমিউনিটি টয়লেট স্থাপন - ৪০টি;
- কমিউনিটি ক্লিনিকে পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা নির্মাণ - ৭০টি;
- হ্যান্ড ওয়াশিং স্টেশন স্থাপন - ৬৩টি;

## প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ

এবং

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা

এর মধ্যে ২০২২ সালের জুন মাসের ২৩ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১:

### রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

**১.১ রূপকল্প:** জনগনের জন্য নিরাপদ পানি সরবরাহ, টেকসই উন্নত স্যানিটেশন এবং কঠিন ও পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা নিশ্চিত করা।

**১.২ অভিলক্ষ্য:** সকলের জন্য নিরাপদ পানি সরবরাহ, টেকসই উন্নত স্যানিটেশন এবং কঠিন ও পয়ঃবর্জ্য ব্যবস্থাপনার অবকাঠামো নির্মাণ এবং এ সংক্রান্ত প্রতিষ্ঠান ও কমিউনিটির দক্ষতা বৃদ্ধির মাধ্যমে জনগণের সুস্বাস্থ্য এবং জীবন মানের উন্নতি সাধন করা।

### ১.৩ কর্মসম্পাদন ক্ষেত্র

#### ১.৩.১ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগের কর্মসম্পাদন ক্ষেত্র

- ১) পৌর ও পৌর এলাকায় নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থা করা,
- ২) পল্লী ও পৌর এলাকায় স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন,
- ৩) কমিউনিটি ক্লিনিকে পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা করা,

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

- ১) সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি:

- পল্লী এলাকায় ইউনিয়ন পরিষদের সহায়তায় পানি সরবরাহ ও স্যানিটেশন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন;
- শহরাঞ্চলে সিটি কর্পোরেশন/ পৌরসভার সহায়তায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার অবকাঠামো নির্মাণ, উন্নয়ন, সম্প্রসারণ ও কারিগরি সহায়তা প্রদান; সমগ্র দেশের খাবার পানির গুণগত মান পরীক্ষা, পরিবীক্ষণ ও পর্যবেক্ষণ;
- আর্সেনিক আক্রান্ত ও অন্যান্য সমস্যাংকুল এলাকায় (লবণাক্ত, পাথুরে, পাহাড়ি ইত্যাদি) নতুন লাগসই প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহের ব্যবস্থা গ্রহণ;
- ভূ-গর্ভস্থ ও ভূপৃষ্ঠস্থ নিরাপদ পানির উৎস অনুসন্ধান;
- পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পরিচালনা ও রক্ষণাবেক্ষণে দক্ষতা উন্নয়নের লক্ষ্যে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে (ইউনিয়ন পরিষদ, পৌরসভা ও সিটি কর্পোরেশন) কারিগরি সহায়তা প্রদান;
- আপদ-কালীন (বন্যা, ঘূর্ণিঝড় ইত্যাদি) সময়ে জরুরী ভিত্তিতে পানি সরবরাহ ও স্যানিটেশন সুবিধার ব্যবস্থা করা;
- স্থানীয় সরকার, বেসরকারি উদ্যোক্তা, বেসরকারি সংস্থা এবং Community Based Organization (CBO) সমূহকে পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা উন্নয়নে কারিগরি পরামর্শ প্রদান, তথ্য সরবরাহ, প্রশিক্ষণ প্রদান।